**বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় : উপন্যাসের আলোকে**

~কথা সাহিত্যিক বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়

★জন্ম- ২৬ জুন, ১৮৩৮

★ মৃত্যু- ৮ এপ্রিল, ১৮৯৪

★ জন্মস্থান- নৈহাটির কাঁঠালপাড়া গ্রামে।

★ পিতা- যাদবচন্দ্র চট্টোপাধ্যায়।

★ ১৮৫২ সালে সংবাদ প্রভাকর পত্রিকায় প্রথম তার লেখা প্রকাশিত

★ ১৮৫৩ সালে বঙ্কিমচন্দ্র, দ্বারকানাথ অধিকারী এবং দীনবন্ধু মিত্র এক সাথে সংবাদ প্রভাকর পত্রিকায় শুরু করেন 'কালজয়ী কবিতা যুদ্ধ'।

★ ১৮৫৬ সালে প্রথম কাব্য 'ললিত তথা মানস' প্রকাশিত।

★ খেতাব:

●১৮৯১ সালে রায় বাহাদুর

● ১৮৯৪ সালে কম্পানীয়ন অফ দ্য মোস্ট এমিনেন্ট অর্ডার অফ দ্য ইন্ডিয়ান এম্পায়ার খেতাব

★বঙ্কিমচন্দ্র কে 'বাংলার স্কট' নামে অভিহিত করা হয়।

★ ছদ্মনাম- কমলাকান্ত

★ উপাধি- সাহিত্যসম্রাট

★ সংবাদপত্র সম্পাদনা:

● বঙ্গদর্শন- ১৮৭২ সালের এপ্রিল মাসে ভবানীপুর থেকে এই পত্রিকা প্রকাশিত হয়।

● প্রচার- ১৮৮৪ তে প্রকাশিত।

★ ১৮৬৪ থেকে ১৮৮৭ সালের মধ্যে মোট পনেরোটি উপন্যাস প্রকাশিত হয়।

★ এর মধ্যে সাতটি ইতিহাসাশ্রয়ী রোমান্স, দুটি দেশাত্মবোধক, তিনটি সামাজিক উপন্যাস এবং দুটি নভেলেট ধর্মী রচনা বা অনু উপন্যাস।

˘ উপন্যাস সমূহ ˘

◆ Rajmohan's Wife- বাঙালি দ্বারা রচিত প্রথম ইংরেজি উপন্যাস। ১৮৬৪ সালে 'Indian Field' পত্রিকায় ধারাবাহিক ভাবে প্রকাশিত।

◆ দুর্গেশনন্দিনী-

●বাংলা ভাষার প্রথম সার্থক উপন্যাস।

●১৮৬৫ সালের মার্চ মাসে গ্রন্থাকারে প্রকাশিত। ●এটি ইতিহাসাশ্রিত রোমান্স।

●উৎসর্গ- শ্যামাচরণ চট্টোপাধ্যায় কে।

●মোঘল-পাঠান দ্বন্দ্বের পটভূমিকায় রচিত। ●উল্লেখযোগ্য চরিত্র- বীরেন্দ্র সিংহ, জগৎ সিংহ, তিলোত্তমা, আয়েষা, বিমলা এবং ওসমান খাঁ

◆ কপালকুন্ডলা-

●১৮৬৬ সালে প্রকাশিত।

●এটিও ইতিহাসাশ্রিত রোমান্স। এটি কাব্যিক উপন্যাস। বঙ্কিমচন্দ্রের দ্বিতীয় উপন্যাস।

●উৎসর্গ- সঞ্জীবচন্দ্র চট্টোপাধ্যায় কে।

● মেদিনীপুর জেলার নেগুঁয়া মহকুমায় অবস্থান কালে অর্জিত কিছু অভিজ্ঞতার ভিত্তিতে এই উপন্যাস রচনা করেন বঙ্কিমচন্দ্র।

●মোঘল সম্রাট জাহাঙ্গীরের আমলের শেষ অংশের পটভূমিতে এটি রচিত।

●উল্লেখযোগ্য চরিত্র- কপালকুন্ডলা, নবকুমার, মতিবিবি(পদ্মাবতী)।

◆ মৃণালিনী-

●১৮৬৯ সালের নভেম্বরে গ্রন্থাকারে প্রকাশিত। এটি ইতিহাসাশ্রয়ী উপন্যাস।

●উৎসর্গ করেন দীনবন্ধু মিত্র কে।

●বাংলায় তাতার তুর্কির আক্রমণের পটভূমি তে রচিত।

● উল্লেখযোগ্য চরিত্র- হেমচন্দ্র, মৃণালিনী, মনোরমা এবং পশুপতি।

◆ বিষবৃক্ষ-

● ১৮৭২ এর এপ্রিল মাস থেকে মোট বারো সংখ্যায় বঙ্গদর্শন পত্রিকায় প্রকাশিত।

●১৮৭৩ সালের ১লা জুন গ্রন্থাকারে প্রকাশিত।

● উৎসর্গ- জগদীশচন্দ্র রায়

● সামাজিক উপন্যাস। কেউ কেউ বাংলা সাহিত্যের প্রথম মনস্তাত্ত্বিক উপন্যাস রূপে চিহ্নিত করেন।

● উল্লেখযোগ্য চরিত্র- নগেন্দ্রনাথ, সুর্যমুখী, কুন্দনন্দিনী, দেবেন্দ্র এবং হীরা

◆ ইন্দিরা-

●১৮৭৩ এর চৈত্র সংখ্যায় বঙ্গদর্শন পত্রিকায় ছোটোগল্প আকারে প্রকাশিত হয়। ●১৮৭৩ সালে ৪৫ পৃষ্ঠার ক্ষুদ্র গ্রন্থাকারে প্রকাশিত। ●১৮৯৩ সালে ১৭৭ পৃষ্ঠার একটি অনু-উপন্যাসের আকারে প্রকাশিত হয়।

● নায়ক নায়িকার আত্মভাষণে কাহিনী ব্যক্ত হয়।

● উল্লেখযোগ্য চরিত্র- ইন্দিরা, সুভাসিনী, উপেনবাবু এবং রমনবাবু

◆ যুগলাঙ্গুরীয়-

●১৮৭৪ এ প্রকাশিত ঐতিহাসিক অনু-উপন্যাস। ●প্রথম প্রকাশ বঙ্গদর্শন পত্রিকায় বৈশাখ সংখ্যায়।

● প্রথম সংস্করণে পৃষ্ঠাসংখ্যা ছিল ৩৬। ১৮৯৩ সালে পঞ্চম তথা সংস্করণে পৃষ্ঠা সংখ্যা হয় ৫০।

● প্রাচীনকালের সমুদ্র তটবর্তী তাম্রলিপ্ত এ ঘটনা সংঘটন উপস্থাপিত হয়েছে।

● উল্লেখযোগ্য চরিত্র- ধনদাস, শচীসূত, হিরন্ময়ী এবং পুরন্দর।

◆ চন্দ্রশেখর-

● ১৮৭৫ সালে জুন মাসে প্রকাশিত ইতিহাসাশ্রিত রোম্যান্স উপন্যাস।

● প্রথম প্রকাশ বঙ্গদর্শন পত্রিকায়, শ্রাবণ,১২৮০ থেকে ভাদ্র,১২৮১এর মধ্যে।

● উৎসর্গ- পূর্ণচন্দ্র চট্টোপাধ্যায় কে।

● বাংলার নবাব মীরকাশিম ও ইস্ট ইন্ডিয়া কোম্পানীর বিরোধ এবং মীরকাশিম এর চূড়ান্ত পরিণতির পটভূমি তে রচিত।

● উল্লেখযোগ্য চরিত্র- চন্দ্রশেখর, প্রতাপ, শৈবলিনী, দলনী বেগম এবং লরেন্স ফস্টর

◆রাধারানী-

●১৮৮৬সালে। অনু-উপন্যাস।

● প্রথম প্রকাশ বঙ্গদর্শন পত্রিকায় কার্তিক-অগ্রহায়ণ সংখ্যা ১২৮২।

●১৮৮৬ সালে গ্রন্থাকারে প্রথম প্রকাশের সময় পৃষ্ঠাসংখ্যা ছিল ৩৮। ১৮৯৩ সংস্করণে পৃষ্ঠাসংখ্যা বেড়ে হয় ৬৫।

● উল্লেখযোগ্য চরিত্র- রাধারানী, কামাখ্যা বাবু এবং রুক্মিণীকুমার

◆ রজনী-

● ১২৮১-১২৮২ বঙ্গাব্দের বঙ্গদর্শনে ধারাবাহিক ভাবে প্রকাশিত।

● ১৮৭৭ সালের জুন মাসে গ্রন্থাকারে প্রকাশিত।

● কাহিনী চরিত্রের মুখে বর্ণিত হয়েছে।

● এই রীতি টি উইলকি কলিনস এর The Women In White থেকে সংগ্রহ করেন।

● লর্ড লিটন এর The Last Days of Pompeii এর অন্ধ ফুলওয়ালী নিদিয়া চরিত্র অবলম্বনে রজনী চরিত্র আঁকেন।

● উল্লেখযোগ্য চরিত্র- রজনী, শচীন্দ্র, অমরনাথ, লবঙ্গলতা

◆ কৃষ্ণকান্তের উইল-

● ১২৮২ বঙ্গাব্দের পৌষ-ফাল্গুন বঙ্গদর্শন এর তিন সংখ্যায় প্রকাশিত। এরপর ১২৮৪ বঙ্গাব্দের মাঘ সংখ্যায় ধারাবাহিক ভাবে প্রকাশিত

● ১৮৭৮, সেপ্টেম্বরে গ্রন্থাকারে প্রকাশিত।

● উল্লেখযোগ্য চরিত্র- হরলাল, গোবিন্দলাল, ভ্রমর, রোহিনী।

◆ রাজসিংহ-

● প্রথম প্রকাশ বঙ্গদর্শন পত্রিকায় চৈত্র, ১২৮৪ – ভাদ্র, ১২৮৫। বড় গল্প রূপে এবং অসমাপ্ত।

● পত্রিকায় অসমাপ্ত উপন্যাসটি সমাপ্ত করে ১৮৮২ সালের ৪ ফেব্রুয়ারি ৮৩ পৃষ্ঠার প্রথম সংস্করণ প্রকাশিত হয়। দ্বিতীয় সংস্করণে পৃষ্ঠাসংখ্যা বেড়ে হয় ৯০। ১৮৯৩ খ্রিস্টাব্দে চতুর্থ সংস্করণে পৃষ্ঠাসংখ্যা হয় ৪৩৪।

● লেখক নিজে এই উপন্যাসের ভূমিকায় লিখেছেন 'এই প্রথম ঐতিহাসিক উপন্যাস লিখিলাম'।

● মোঘল-রাজপুত বিরোধের প্রেক্ষাপটে রচিত।

● উল্লেখযোগ্য চরিত্র- চঞ্চলকুমারী, রাজসিংহ, মানিকলাল, জেবউন্নিসা, মোবারক, দরিয়াবিবি

◆ আনন্দমঠ-

● বঙ্কিমচন্দ্রের প্রসিদ্ধ ঐতিহাসিক উপন্যাস।

● প্রথম প্রকাশ বঙ্গদর্শন পত্রিকায় চৈত্র, ১২৮৭ – জ্যৈষ্ঠ, ১২৮৯।

●১৮৯২ সালে মুদ্রিত।

●উৎসর্গ- দীনবন্ধু মিত্র কে।

● ভারতীয় প্রজাতন্ত্রের জাতীয় স্তোত্র বন্দেমাতরমএই উপন্যাস থেকে গৃহীত।

●ছিয়াত্তরের মন্বন্তরের পটভূমিকায় সন্যাসী বিদ্রোহের ছায়া অবলম্বনে রচিত

● উল্লেখযোগ্য চরিত্র- মহেন্দ্র সিংহ, কল্যাণী, সুকুমারী, ভবানন্দ

◆দেবী চৌধুরাণী-

●বিভিন্ন সময়ে বঙ্গদর্শন পত্রিকায় প্রকাশিত হয়।

● ১৮৮৪ সালে পূর্ণকারে মুদ্রিত হয়।

● উৎসর্গ- যাদবচন্দ্র চট্টোপাধ্যায় কে।

● উপন্যাসটি লেখকের অনুশীলন তত্ত্বের আধারে পরিবেশিত

● উল্লেখযোগ্য চরিত্র- ভবানী পাঠক, প্রফুল্ল, বজ্রেশ্বর

◆সীতারাম-

● বঙ্কিমচন্দ্রের শেষ ঐতিহাসিক উপন্যাস।

●প্রচার পত্রিকায় শ্রাবণ, ১২৯১ – মাঘ, ১২৯৩ মধ্যে প্রকাশিত  মাঝে কয়েকমাসের বিরতি ছিল।

● গ্রন্থ রূপে মুদ্রিত হয় মার্চ, ১৮৮৭।

●উৎসর্গ- রাজকৃষ্ণ মুখোপাধ্যায় কে।

● প্রেক্ষাপট মোঘল আমলের শেষ অংশ অবলম্বনে রচিত।

● উল্লেখযোগ্য চরিত্র- সীতারাম, শ্রী, রমা, গঙ্গারাম।

পূজা সেনগুপ্ত

AIM SSC বাংলা

Source :- http://aimsscbangla.blogspot.com/2018/12/blog-post_6.html?m=1